

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৭/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ আবদুল আলীম
চিফ রিপোর্টার, অপরাধ বিচিত্রা
মর্ডান ম্যানশন
৫৩ মতিঝিল, বা/এ, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব মোঃ শাহ আলম চৌধুরী
পরিচালক (জোন-৫)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৪-০৩-২০১৬ ইং)

অভিযোগকারী ২২-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

নিম্নোক্ত ক্রমিক নং ১ থেকে ক্রমিক নং ৫ এ বর্ণিত বহুতল ভবনগুলো রাজউক এর নিয়ম ভঙ্গ করে নির্মিত হচ্ছে বলে দৃশ্যমান। নির্মাণাধীন ভবনগুলোর চার পাশে কী পরিমাণ জমি ছেড়ে নির্মাণ করার কথা ও বাস্তবে কী পরিমাণ জমি ছেড়েছে, কত তলার অনুমোদন নিয়ে কত তলা নির্মিত হচ্ছে এবং রাজউক থেকে কী কী শর্তে নকশা পাস ও অনুমোদন নিয়েছে তা জানানোর আবেদন।

ক্রমিক নং	নির্মাণাধীন ভবনের ঠিকানা
০১.	কেয়া কানন, প্লট নং-২৬২, ব্লক-বি, খিলগাঁও, চৌধুরী পাড়া, ঢাকা ঠিকানায় ASSET DEV. কর্তৃক নির্মাণাধীন ভবন (পার্ক ইন্টাঃ স্কুল অ্যান্ড কলেজের অপর পাড়ে)
০২.	বন্ধন অপটিকস অ্যান্ড ফার্মেসী, ২৫৮/সি, ব্লক-সি, খিলগাঁও, ঢাকা এর পাশের ভবন হোল্ডিং নং টাঙ্গানো নেই।
০৩.	৬০৫/সি, প্লট-১৯১/সি, খিলগাঁও পূর্ববাসন এলাকা, খিলগাঁও, ঢাকা ঠিকানায় ভিসটা বিডি গ্রুপ কর্তৃক নির্মাণাধীন ভবন।
০৪.	৪৪২/সি, খিলগাঁও এর পাশে (হোল্ডিং নং টাঙ্গানো নেই), বাংলা প্রপার্টিস কর্তৃক নির্মাণাধীন ভবন।
০৫.	৩৩১/সি, খিলগাঁও (নিবাস) এর পাশে (হোল্ডিং নং টাঙ্গানো নেই), বাংলা প্রপার্টিস লিঃ বাড়ী নং ৪১৭/সি, খিলগাঁও, ঢাকা-১২১৯ কর্তৃক নির্মাণাধীন ভবন।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৮-১২-২০১৫ তারিখে জনাব জি এম জয়নাল আবেদীন ভূঁইয়া, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৬-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৪-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে পান নি বলে কমিশনের কাছে বিচার প্রার্থনা করেন। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তথ্য প্রদান করার উদ্দেশ্যে ২০-০১-২০১৬ তারিখে ডাকযোগে চিঠি প্রেরণ করা হয়েছে, তবে তথ্য মূল্য পরিশোধের জন্য চিঠি প্রেরণ করেন নি। অভিযোগকারী উক্ত তথ্য সম্বলিত চিঠি ২৫-০১-২০১৬ তারিখে পেয়েছেন মর্মে কমিশনকে জানান। অভিযোগকারী আরো উল্লেখ করেন যে, প্রাপ্ত তথ্যে তিনি সন্তুষ্ট।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়। কিন্তু প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য মূল্য পরিশোধের জন্য চিঠি প্রেরণ করেন নি।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে ৩১-০৩-২০১৬ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী যথাযথ পদ্ধতিতে সরবরাহের জন্য জনাব মোঃ শাহ আলম চৌধুরী, পরিচালক (জোন-৫) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার